

বিদ্যালয় মাঠে থইথই পানি

বিশ্বম্ভরপুর
(সুনামগঞ্জ)
প্রতিনিধি

২২ আগস্ট,
২০২৪ ০০:০০

শেয়ার

অ +

অ -



সুনামগঞ্জের বিশ্বম্ভরপুর উপজেলার ধনপুর ইউনিয়নের চিনাকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে জলাবদ্ধতা। ছবি : কালের কণ্ঠ

পুরো বর্ষা মৌসুমে পানিতে থইথই করে সুনামগঞ্জের বিশ্বম্ভরপুর উপজেলার ধনপুর ইউনিয়নের চিনাকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠ। এতে বিশাল মাঠে জলাবদ্ধতা সৃষ্টি হয়। ফলে প্রতিদিন কাদাপানি ভেঙে বিদ্যালয়ে আসা-যাওয়া করতে হয়

শিক্ষক-শিক্ষার্থীদের।

গতকাল সরেজমিনে গিয়ে দেখা যায়, বিদ্যালয়ের ১০৮ শতাংশ জায়গায় চারপাশে সীমানা প্রাচীরের মধ্যে একটি নতুন ভবন ও দুটি পুরনো ভবন।

তিনটি ভবনের সামনে বিশাল খেলার মাঠ থাকলেও সেখানে থইথই করছে পানি। বিদ্যালয়ের সামনের মাঠ নিচু ও পানি নিষ্কাশনের ব্যবস্থা না থাকায় বিদ্যালয়ের সামনে বিশাল খেলার মাঠ থাকা সত্ত্বেও সেখানে খেলাধুলা করতে পারে না শিক্ষার্থীরা। তা ছাড়া শিক্ষার্থীদের নতুন ভবন ও শৌচাগারে যেতে হচ্ছে প্রায় হাঁটুপানি ভেঙে। অনেক সময় শিশু শিক্ষার্থীদের পা পিছলে পড়ে পোশাক নষ্ট হয়, আঘাতও পায়।

তৃতীয় শ্রেণির শিক্ষার্থী সিদরাতুল মুনতাহা সৌমি বলে, ‘বিদ্যালয়ের মূল ভবন ছাড়া বাকি অংশে হাঁটুপানি থাকে। মাঠ আছে তার পরও খেলতে পারি না।’ চতুর্থ শ্রেণির শিক্ষার্থী ফখরুল হাসান হৃদয় বলে, ‘বর্ষার শুরুর থেকেই গেটে কাদা ও বৃষ্টির পানি জমে থাকে। নতুন ভবন ও ওয়াশরুমে যেতে হয় হাঁটুপানি ভেঙে।

অনেক সময় পা পিছলে পড়ে গিয়ে কাপড় ভিজে যায়, ব্যথাও পাই।’

বিদ্যালয়ের প্রধান শিক্ষক শহীদুল ইসলাম আকিক বলেন, ‘শিক্ষার্থীদের স্বার্থে মাঠটি উঁচু করা অথবা পানি নিষ্কাশনের জন্য ড্রেনেজ ব্যবস্থা চালু করলে পানি মাঠে জমে জলাবদ্ধতা সৃষ্টি হতো না। মাটি ভরাটের জন্য আবেদন করেছিলাম, কিন্তু হয়নি।’

উপজেলা শিক্ষা কর্মকর্তা এহসানুল হক কালাম বলেন, ‘বিদ্যালয়ের মাঠটি নিচু। তবে মাঠ ভরাট করার মতো বরাদ্দ আমাদের নেই।

উপজেলা বা ইউনিয়ন পরিষদ থেকে বড় বরাদ্দের ব্যবস্থা হলে বিদ্যালয়টি জলাবদ্ধতা থেকে মুক্ত হতো।